

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইফাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১১.০২৩.২৪-২৬১৪

তারিখঃ ২০/১১/২০২৫

বিষয়: 'কিশোর কিশোরী ক্লাব স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় জানুয়ারি/২০২৬ হতে নতুন ক্লাব সদস্য অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় দেশব্যাপী ৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি পৌরসভায় ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতি বছর প্রতি ক্লাবে ৩০ জন করে ১,৪৬,৪৯০ জন কিশোর-কিশোরীকে সংগীত, আবৃত্তি ও বাল্যবিবাহ ও জেন্ডারভিত্তিক বৈষম্য নিরসনসহ বিভিন্ন সামাজিক সমস্যার বিষয়ে সচেতনতা তৈরী এবং আত্মরক্ষামূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ বছরের প্রশিক্ষণটি জানুয়ারি/২০২৫ মাস হতে শুরু হয়েছে, এবং তা চলবে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত।

২। আগামী জানুয়ারি/২০২৬ মাস হতে ক্লাবের নতুন সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতি ক্লাবের জন্য ১০-১৯ বছর বয়সী ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর বাছাই করার জন্য অনুরোধ করা হল। ক্লাব সদস্য বাছাই প্রক্রিয়ায় ক্লাব ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)-র সদস্য, জেন্ডার প্রমোটার এবং সংশ্লিষ্ট ক্লাব শিক্ষকের সহায়তা নেয়া যেতে পারে।

৩। উল্লেখ্য পুরাতন ক্লাব সদস্যের তালিকা সংরক্ষণ এবং নতুন ক্লাব সদস্য বাছাইপূর্বক প্রকল্পের website (www.kkcp.gov.bd) এ আগামী ৩১ জানুয়ারি/২০২৬ এর মধ্যে এন্ট্রি প্রদান করতে হবে।

মোঃ আলমগীর ২০/১১/২০২৫

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

১। উপপরিচালক (সকল জেলা)

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)

২। সহকারী পরিচালক, (ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। ফিল্ড সুপারভাইজার, (সকল) (বিষয়টি নিবিড় মনিটরিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য আপলোডের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)

৫। জেন্ডার প্রমোটার, সংগীত ও আবৃত্তি শিক্ষক (সকল) (ক্লাব সদস্যদের সকল তথ্য সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য আপলোড নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)

৬। অফিস কপি।